

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১২

জিরানীয়া, ২ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন ২০২৪
জিরানীয়া মহকুমায় ভোটকর্মীদের দ্বিতীয় পর্যায়ের মহড়া

১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় নির্বাচন ক্ষেত্রের অন্তর্গত জিরানীয়া মহকুমায় আজ থেকে দ্বিতীয় পর্যায়ে ভোটকর্মীদের মহড়া শুরু হয়েছে। এই মহড়া চলবে আগামী ৫ এপ্রিল পর্যন্ত। মহকুমার রাজীবগাঁও উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে এই মহড়ায় আজ ২৫০ জন ভোটকর্মী প্রশিক্ষণ নিয়েছেন। দ্বিতীয় পর্যায়ের ভোটকর্মীদের মহড়ায় ১৯১ জন করে প্রিসাইডিং অফিসার, ফাস্ট পোলিং অফিসার, সেকেন্ড পোলিং অফিসার, থার্ড পোলিং অফিসার ও চতুর্থ শ্রেণীর কর্মী অংশ নেবেন। এদের মধ্যে ৯ জন করে মহিলা প্রিসাইডিং অফিসার, ফাস্ট পোলিং অফিসার, সেকেন্ড পোলিং অফিসার, থার্ড পোলিং অফিসার ও চতুর্থ শ্রেণীর কর্মী রয়েছেন। জিরানীয়া মহকুমা শাসকের কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।
